

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ الشَّيْبَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَاصِمُ بْنُ النَّضْرِ الْأَحْوَلُ قَالَ: حَدَّثَنَا الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ أَيُّوبَ يُحَدِّثُ عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ:

قرأ نبي الله صلى عَلَيْهِ وَسَلَّمَ هَذِهِ الْآيَةَ: {هُوَ الَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابَ مِنْهُ آيَاتُ مُحْكَمَاتٌ هُنَّ أُمُّ الكتاب وأُخر متشابهات ... } إلى قوله: {أولو الألباب} [آل عمران: 7] قَالَتْ: فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:

(إِذ رأيتم الذين يجادولون فِيهِ فَهُمُ الَّذِينَ عَنَى اللَّهُ فَاحْذَرُوهُمْ) قَالَ [ص: 198] مَطَرُ: حَفظْتُ أَنَّهُ قَالَ:

(لَا تُجَالِسُوهُمْ فَهُمُ الذين عنى الله فاحذروهم)

[تعليق الشيخ الألباني]

صحيح: ق؛ دون قول مطر: ((لا تجالسوهم)).

قَالَ أَبُو حَاتِم: سَمِعَ هَذَا الْخَبَرَ أَيُّوبُ عَنْ مَطَرِ الْوَرَّاقِ وَابْنِ أَبِي مُلَيْكَةَ جَمِيعًا.

الحديث: 76 | الجزء: 1 | الصفحة: 197

বাংলা

ذِكْرُ الزَّجْرِ عَنْ مُجَادَلَةِ النَّاسِ فِي كِتَابِ اللَّهِ مَعَ الْأَمْرِ بِمُجَانَبَةِ مَنْ يَفْعَلُ ذَلِكَ



আল্লাহর কিতাব সম্পর্কে লোকদের তর্ক-বিতর্ক করা থেকে নিষেধ ও যারা এ কাজ (তর্ক-বিতর্ক) করে, তাদের থেকে দূরে থাকার নির্দেশ সংক্রান্ত বর্ণনাঃ

৭৬. আয়িশাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নাবীউল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ আয়াত তিলাওয়াত করলেনঃ {الَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابَ مِنْهُ آيَاتٌ مُحْكَمَاتٌ هُنَّ أُمُّ الكتاب وأُخر متشابهات ... } إلى قوله: 7 مران: 7 [(অনুবাদ) তিনি তোমার প্রতি এই কিতাব নাযিল করেছেন যার কতক আয়াত সুস্পষ্ট, দ্ব্যহীন, এগুলো কিতাবের মূল অংশ, আর অন্যগুলো রূপক। যাদের অন্তরে সত্য লজ্মন প্রবণতা আছে শুধু তারাই বিশৃঙ্খলা ও ভুল ব্যাখ্যার উদ্দেশে যা রূপক তার অনুসরণ করে। আল্লাহ ব্যতীত আর কেউ তার ব্যাখ্যা জানে না।

আর যারা সুগভীর জ্ঞানের অধিকারী তারা বলে, আমরা এর প্রতি ঈমান আনলাম, সমস্তই আমাদের রবের নিকট থেকে আগত। বোধশক্তিসম্পন্ন ব্যাক্তিগণ ব্যতীত অপর কেউ শিক্ষা গ্রহণ করে না- (সুরাহ আল ইমরান ৩:৭)।

অতঃপর তিনি বলেনঃ হে আয়িশাহ! যখন তুমি কোন লোকদেরকে এ আয়াতের ব্যাখ্যায় বাদানুবাদ করতে দেখবে, তখন মনে করবে যে, এরা সেই সকল লোক যাদের কথা আল্লাহ (পূর্বের আয়াতে) বুঝিয়েছেন। তোমরা তাদের পরিহার করবে।

মাতার বলেন: আমি তাঁর থেকে মুখন্ত রেখেছি, তিনি বলেছেন: তোমরা তাদের সাথে বসবে না, কেননা, এরাই সেই সকল লোক, যাদের কথা আল্লাহ (পূর্বের আয়াতে) বুঝিয়েছেন। তোমরা তাদের পরিহার করবে।[1]

আবূ হাতিম (ইবনু হিব্বান) রাহি, বলেনঃ এ হাদীসটি মাতার আল ওয়ার্রাক থেকে আইয়ূ্যব এবং ইবনু আবী মুলাইকা একত্রে শুনেছেন।

ফুটনোট

[1] আলবানী: সহীহ।

আরনাউত্ব: এর সনদ মুসলিমের শর্তানুযায়ী সহীহ।

তাখরীজ: আহমাদ ৬/৪৮; ইবনু মাজাহ ৪৭; তাবারী, ৬৬০৫, ৬৬০৬, ৬৬০৭, ৬৬০৯; তাহাবী, মুশকিলুল আসার ৩/২০৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন